দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUL 1987
পৃষ্ঠা 8 কলাম 1

26

# রাজশাহী বিশ্ববিদ্যালয় অধীন ৫টি কলেজের ডিগ্রী পরীক্ষা বাতিল

রাজশাহী, ১০ জুলাই।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ১৯৮৬ সালের ডিগ্রী (পাস-সাবসিডিয়ারী) পরীক্ষা বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন ৫টি কলেজের ডিগ্রী পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। এই সিদ্ধান্তের ফলে সাড়ে তিন হাজারেরও বেশী পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে।

পরীক্ষায় ব্যাপক গণটোকাটুকি, শিক্ষকদের দুর্নীতি এবং আইন-শৃংখলার অবনতি ঘটানোর সুনির্দিষ্ট অভিযোগের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে একাডেমিক কাউন্সিল সূত্রে জানা গেছে।

যে সব কেন্দ্রের পরীক্ষা বাতিল করা হয়েছে সেগুলো হচ্ছে— মেহেরপুর কলেজ, আবদুলপুর কলেজ, ডোমার কলেজ, নওগাঁ সরকারী কলেজ ও আদিনা ফজলুল হক কলেজ।

বাতিলকৃত পরীক্ষার্থীরা জানান, গুটিকয়েক অসৎ ছাত্রের জন্য সবার পরীক্ষা বাতিল করা অন্যায়। তাছাড়া পরীক্ষার্থীরা যদি অসাধু উপায় অবলম্বন করত তাহলে তাদের পরীক্ষার হলে বহিষ্কার করা উচিত ছিল। ঢালাওভাবে পরীক্ষা বাতিলের প্রতিবাদ তারা করেছেন। এ ব্যাপারে তারা আইনের আশ্রয় নিতে পারেন বলে উল্লেখ করেন।

উল্লেখ্য, এ ধরনের সিদ্ধান্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এ-ই প্রথম।